অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/8/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল তের ব্যক্তিকে ক্ষমা প্রদান করলেন

গভর্নর রোলিং ভিত্তিতে ক্লেমেন্সি প্রদানের প্রতিশ্রুতি পূরণ করলেন

ক্ষমা করার প্রক্রিয়ার সংস্কারের জন্য গভর্নরের প্রচেষ্টায় ভিত্তি করে যার মধ্যে রয়েছে নিরপেক্ষ বিশেষজ্ঞদের একটি উপদেষ্টা প্যানেলকে আহ্বান জানানো, অতিরিক্ত কর্মীদের সংস্থান উৎসর্গ করা এবং আবেদনকারীদের সাথে যোগাযোগ বৃদ্ধি করা

গভর্নর ক্যাথি হোকল আজকে 13 ব্যক্তিকে ক্ষমা প্রদান করলেন। যারা অনুশোচনা, উদাহরণযোগ্য পুনর্বাসন প্রদর্শন করেছে, এবং নিজেদের ও নিজেদের সম্প্রদায়কে উন্নত করার একটি প্রতিশ্রুতি প্রদর্শন করেছে, 10টি ক্ষমা এবং তিনটি লঘূকরণসহ এই পদক্ষেপটি তার স্বীকৃতি দান করে। বছরের শেষে একবারের পরিবর্তে আবর্তনের ভিত্তিতে ক্ষমা আবেদন পর্যালোচনা ও এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণে গভর্নরের অব্যাহত প্রতিশ্রুতি পূরণের প্রতিনিধি হলো আজকের পদক্ষেপ।

"ক্ষমা হলো একজন গভর্নরকে প্রদত্ত সবথেকে গুরুদায়িত্বগুলির একটি, এবং দায়িত্ব গ্রহণের পর থেকে এই প্রক্রিয়া উন্নত করতে আমি প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "আইন শৃঙ্খলা রক্ষাকারী, ভিকটিম, বিচার ব্যবস্থা এবং অন্যান্যদের গুরুত্বপূর্ণ দৃষ্টিভঙ্গির প্রতিনিধি একটি নতুন উপদেষ্টা প্যানেল সমবেত করতে আমাদের প্রয়াসের ফলে আরো কার্যকর প্রক্রিয়া পাওয়া গেছে এবং আমরা আবর্তনের ভিত্তিতে ক্ষমা প্রদান শুরু করেছি।"

আবেদন পর্যালোচনা করার জন্য অতিরিক্ত কর্মী নিবেদন করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির অনুবর্তী এই অনুমোদন একটি অর্থপূর্ণ উপায়ে চলমান প্রক্রিয়া সংঘটিত হতে এবং প্রত্যেক আবেদন যাতে এর প্রাপ্য পুঙ্খানুপুঙ্খ এবং সময়মতো মনোযোগ পেতে পারে তা নিশ্চিত কোনো সাহায্য করে।

গভর্নরের কার্যালয় ক্ষমার প্রক্রিয়ায় স্বচ্ছতা ও যোগাযোগের উন্নতির জন্য বেশ কয়েকটি পদক্ষেপ নিয়েছে। নির্বাহী ক্ষমা ব্যুরো (Executive Clemency Bureau) একটি নতুন পলিসি বাস্তবায়ন করেছে যেখানে ক্ষমার আবেদন করা ব্যক্তিদের নিয়মিত চিঠি পাঠানো হবে, তাদেরকে তাদের কেসের দশা জানানো হবে, এবং কীভাবে তাদের আবেদনের সমর্থনে সম্পূরক তথ্য জমা দেওয়া যায় সে সম্পর্কে তথ্য দেওয়া হবে। গভর্নরের কার্যালয় এছাড়াও আবেদনের প্রক্রিয়ার

সঙ্গে ক্ষমার জন্য আবেদনকারীদের সাহায্য করার জন্য একটি আপডেট করা অনলাইন ওয়েব হাব চালু করেছে; এই হাবটিতে নতুনভাবে তৈরি টেমপ্লেট ক্ষমার আবেদনের ফর্মগুলি অন্তর্ভুক্ত রয়েছে ক্ষমা এবং মেয়াদ হ্রাস উভয়ের জন্য সম্ভাব্য আবেদনকারীদের তাদের আবেদন করার সময় কী তথ্য অন্তর্ভুক্ত করতে হবে সে সম্পর্কে উন্নত নির্দেশিকা প্রদান করার জন্য।

গভর্নর ক্ষমার আবেদনগুলির বিষয়ে গভর্নরকে পরামর্শ দিতে সহায়তা করার জন্য নিরপেক্ষ বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি ক্ষমার উপদেষ্টা প্যানেলও আহ্বান করেছিলেন। ক্ষমা উপদেষ্টা প্যানেলের সুপারিশ অনুযায়ী, গভর্নর হোকল কমপক্ষে এক দশক পূর্বে সাজাপ্রাপ্ত আরো 10 জন ব্যক্তিকে ক্ষমা এবং তিন ব্যক্তির শাস্তি লাঘব করে দিয়েছেন।

ক্ষমা

56 বছর বয়সী নানা আম্পাও 15 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করেছেন। তিনি প্রায় 20 বছর ধরে মার্কিন যুক্তরাষ্ট্রে বাস করছেন, একজন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকের সাথে তিনি বিবাহিত, এবং তার চার সন্তান রয়েছে যাদের প্রত্যেকে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক বা স্থায়ী বাসিন্দা। মিস আম্পাও সামাজিক কাজে একটি ডিগ্রি অর্জনের সময় একজন হোম হেলথ এইড হিসেবে এবং মানসিক স্বাস্থ্য কর্মসূচির সহকারী হিসেবে কাজ করেছেন। মিস আম্পাও 2007 সালে ফার্স্ট ডিগ্রি ব্যবসায়িক রেকর্ড জালিয়াত করার অভিযোগে দোষী সাব্যস্ত হন। একটি ক্ষমা তাকে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হওয়ার জন্য প্রাকৃতিকীকরণ অনুসরণ করতে সাহায্য করবে।

70 বছর বয়সী হেনরি উইলিয়ামস 27 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করেছেন। তিনি 25 বছরের বেশি সময় ধরে মার্কিন যুক্তরাষ্ট্রে বাস করছেন, একজন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকের সাথে তিনি বিবাহিত; একত্রে তাদের ছয় সন্তান এবং বহু নাতি নাতনি রয়েছে যারাও মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। 1996 সালে মিস্টার উইলিয়ামস ফোর্থ ডিগ্রি মারিজুয়ানার অপরাধমূলক বিক্রি এবং উচ্ছৃঙ্খল আচরণ করার অভিযোগে দোষী সাব্যস্ত হন। একটি ক্ষমা তাকে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হওয়ার জন্য প্রাকৃতিকীকরণ অনুসরণ করতে সাহায্য করবে।

59 বছর বয়সী এডেলবার্টো রেন্ডন 34 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করেছেন। তিনি 37 বছরের বেশি সময় ধরে মার্কিন যুক্তরাষ্ট্রে বাস করছেন এবং তার দুই সন্তান রয়েছে যারা উভয়েই মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। তিনি 30 বছরের বেশি সময় ধরে খাদ্য সেবা শিল্পখাতে চাকরি করছেন এবং নিজের স্থানীয় সম্প্রদায়ে সক্রিয় রয়েছেন। 1989 মিস্টার রেন্ডন ফোর্থ ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক মালিকানা এবং সেভেনথ ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক মালিকানার অভিযোগে দোষী সাব্যস্ত হন। ক্ষমা পেলে ডিপোর্টেশনের ঝুঁকি কাটাতে সাহায্য হবে এবং তিনি তার পরিবার ও সম্প্রদায়ের সাথে মার্কিন যুক্তরাষ্ট্রে থেকে যেতে পারবেন।

58 বছর বয়সী রামোন পেরেজ 31 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করেছেন। তিনি একজন কিশোর হিসেবে মার্কিন যুক্তরাষ্ট্রে আসেন এবং 30 বছরের বেশি সময় ধরে এখানে বাস করছেন। তিনি একজন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিককে বিয়ে করেছেন এবং তার পাঁচ সন্তান ও তিন সৎ সন্তান রয়েছে যারা সকলেই মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। তিনি তার স্থানীয় সম্প্রদায়ের একজন সক্রিয় সদস্য এবং তার স্ত্রীর সাথে একটি ক্ষুদ্র ব্যবসা পরিচালনা করেন। 1991 সালে তিনি থার্ড ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক মালিকানা এবং ফোর্থ ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের

অপরাধমূলক মালিকানার প্রয়াসের অভিযোগে দোষী সাব্যস্ত হন। ক্ষমা তাকে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হওয়ার জন্য ন্যাচারালাইজেশন প্রক্রিয়া শুরু করতে দিবে।

64 বছর বয়সী রাউল ল্যাবিট 32 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করেছেন। 1980 এর দশকে তিনি প্রথম মার্কিন যুক্তরাষ্ট্রে আসেন এবং 20 বছরের বেশি সময় ধরে ধারাবাহিকভাবে এখানে বাস করছেন। তার একজন সন্তান ও দুইজন নাতি নাতনি আছে যারা মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক, এবং তিনি সংস্কার ও রিমডেলিং এর একটি ঠিকাদারি ব্যবসা পরিচালনা করেন। 1990 সালে তিনি সেভেনথ ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক মালিকানার অভিযোগে দোষী সাব্যস্ত হন। ক্ষমা তাকে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হওয়ার জন্য ন্যাচারালাইজেশন প্রক্রিয়া শুরু করতে দিবে।

60 বছর বয়সী ডেভিড গার্সিয়া নুনেজ 30 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করেছেন। তিনি প্রায় 40 বছর ধরে মার্কিন যুক্তরাষ্ট্রে বাস করছেন, একজন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকের সাথে তিনি বিবাহিত, এবং তার পাঁচ সন্তান রয়েছে যাদের প্রত্যেকে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক বা স্থায়ী বাসিন্দা। 1987 সালে তিনি থার্ড ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক মালিকানা এবং 1992 সালে থার্ড ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক মালিকানার প্রয়াসের অভিযোগে দোষী সাব্যস্ত হন। ক্ষমা তাকে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হওয়ার জন্য ন্যাচারালাইজেশন প্রক্রিয়া শুরু করতে দিবে।

56 বছর বয়সী মাইকেল মার্টিন 14 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করেছেন। তিনি 33 বছরের বেশি সময় ধরে মার্কিন যুক্তরাষ্ট্রে বাস করছেন এবং তার বহু পরিবারের সদস্য রয়েছে, যেমন তার পিতা, দুই সন্তান, এক সৎ সন্তানটি, যারা মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক। 1999 সালে তিনি সেকেন্ড ডিগ্রি জামিন থেকে পলায়নের অভিযোগে দোষী সাব্যস্ত হন যেহেতু একটি অভিযোগ সম্পর্কিত কোর্টের তারিখে তিনি উপস্থিত হননি, অভিযোগটি পরবর্তীতে খারিজ করা হয়। ক্ষমা তাকে তার ডিপোর্টেশনের ঝুঁকি কাটাতে সাহায্য করবে এবং মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হওয়ার জন্য ন্যাচারালাইজেশন প্রক্রিয়া শুরু করতে দিবে।

59 বছর বয়সী শন স্টিভেন 20 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করেছেন। তিনি আনুমানিক পাঁচ বছর বয়সে মার্কিন যুক্তরাষ্ট্রে আসেন এবং 50 বছরের বেশি সময় ধরে এখানে বাস করছেন। তার এক সন্তান রয়েছে যে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক এবং তিনি পরিবারের একাধিক সদস্যের জন্য সমর্থনের উৎস হিসেবে কাজ করেন। তিনি তার স্থানীয় সম্প্রদায়ের একজন সক্রিয় সদস্য, যার মধ্যে তরুণদের মেন্টরশিপ কর্মসূচিসমূহে জড়িত হওয়া রয়েছে, এবং তিনি একটি ক্ষুদ্র ব্যবসা পরিচালনা করেন। 2003 সালে মিস্টার স্টিভেন থার্ড ডিগ্রি নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক মালিকানার অভিযোগে দোষী সাব্যস্ত হন। ক্ষমা পেলে ডিপোর্টেশনের ঝুঁকি কাটাতে সাহায্য হবে এবং তিনি তার পরিবার ও সম্প্রদায়ের সাথে মার্কিন যুক্তরাষ্ট্রে থেকে যেতে পারবেন।

38 বছর বয়সী ক্রিস্টোফার ডায়ার 17 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করেছেন। তিনি সাত বছর বয়সে মার্কিন যুক্তরাষ্ট্রে আসেন এবং আনুমানিক 25 বছর ধরে এখানে বাস করেন, 2017 সালে তার বিরুদ্ধে অভিযোগসমূহ প্রমাণের কারণে তাকে ডিপোর্ট করা হয়। তিনি একজন

মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিককে বিয়ে করেছেন এবং তার দুইজন মার্কিন যুক্তরাষ্ট্রের সন্তান রয়েছে, যারা উভয়েই নাবালক। মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্বের জন্য আবেদন করার পূর্বে মিস্টার ডায়ার আনুমানিক 10 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করেছেন, কিন্তু প্রক্রিয়াটির ফলে তাকে ডিপোর্ট করে দেওয়া হয়, এবং এর পর থেকে তিনি তার পরিবার থেকে পৃথক আছেন। মিস্টার ডায়ার 2006 সালে সেকেন্ড ডিগ্রি ডাকাতির প্রয়াস এবং 2005 সালে থার্ড ডিগ্রি আক্রমণের অভিযোগে দোষী সাব্যস্ত হন। ক্ষমা তাকে মার্কিন যুক্তরাষ্ট্রে ফেরত আসতে এবং পুনরায় তার পরিবারের সাথে একত্রিত হতে সাহায্য করবে।

63 বছর বয়স অ্যান্ড্রু অক্সেনডাইন 41 বছর ধরে অপরাধমুক্ত জীবনযাপন করেছেন। তিনি একজন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক এবং সামরিক ভেটেরান, তিনি 17 বছর বয়সে মার্কিন যুক্তরাষ্ট্রের মেরিন কর্পসে নাম লেখান। তিনি একাধিক বছর সক্রিয় সেনা হিসেবে এবং একজন রিজার্ভ সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন এবং 1999 সালে সম্মানের সাথে ডিসচার্জ লাভ করেন। এছাড়াও মিস্টার অক্সেনডাইন সম্প্রতি অবসর গ্রহণের পূর্বে প্রায় তিন দশক ধরে স্থানীয় আবাসন সুযোগ কমিশনের জন্য কাজ করেছেন। জনাব অক্সেনডাইন 1982 সালে থার্ড ডিগ্রি ডাকাতির প্রয়াসের অভিযোগে দোষী সাব্যস্ত হন।

শাস্তি লঘুকরণ

56 বছর বয়সী গ্রেগরি গুডউইন মুদি দোকানের বাইরে পার্স ধরে টান দেওয়া সংক্রান্ত ঘটনায়, যেখানে কেউ শারীরিকভাবে আহত হয়নি, 2005 সালে ফার্স্ট ডিগ্রি ডাকাতি, থার্ড ডিগ্রি অস্ত্রের অপরাধমূলক মালিকানা, এবং ফোর্ট ডিগ্রি গ্র্যান্ড লার্সেনির অভিযোগে দোষী সাব্যস্ত হন। তাকে 25 বছরের কারাদণ্ড প্রদান করা হয় এবং তিনি তার মধ্যে প্রায় 19 বছর সাজা কাটিয়েছেন। কারাবন্দী অবস্থায় মিস্টার গুডউইন কাউন্সেলিং, আত্মবিকাশ, এবং সম্প্রদায়ে পুনরায় প্রবেশ ও পুনরায় সংযুক্ত হওয়া কেন্দ্রিক একাধিক কর্মসূচিতে জড়িত হয়েছেন। এছাড়াও তিনি তার ধর্মীয় সম্প্রদায়ের একজন সক্রিয় সদস্য কারাবন্দী ব্যক্তিদের জন্য মেন্টর হিসেবে কাজ করেছেন। পাশাপাশি, মিস্টার গুডউইন একজন গুণসম্পন্ন আইনি গবেষক হয়ে উঠেছেন, একটি প্যারালিগাল সনদ পেয়েছেন, এবং তার কারাবাসের সময় বহু বছর আইনি লাইব্রেরিতে কাজ করেছেন। মুক্তি পেলে মিস্টার গুডউইন তার স্ত্রী ও ছেলের সাথে বাস করবেন।

49 বছর বয়সী মাইশিয়া হকিন্স-টেইলর 2017 সালে সেকেন্ড ডিগ্রি খুনের প্রয়াসের অভিযোগে দোষী সাব্যস্ত হন। তাকে 16 বছর কারাদণ্ড প্রদান করা হয় এবং তিনি তার শাস্তির প্রায় সাড়ে সাত বছর পার করেছেন। মিস হকিন্স-টেইলর পরিবারের সদস্য এবং অন্যান্যদের হাতে মারাত্মক শারীরিক, যৌন, এবং মানসিক অত্যাচারের শিকার হয়েছেন, এবং যখন ঘটনাটি ঘটে তখন তিনি পোস্ট ট্রমাটিক এপিসোডে ভুগছিলেন। বর্তমানে তিনি এবং তার অপরাধের শিকার ব্যক্তি মিটমাট করে নিয়েছেন এবং সেই ব্যক্তি তার মামলার ক্ষমা প্রদানকে সমর্থন করে। কারাবাসের সময় মিস হকিন্স-টেইলর তার ট্রমা এবং তার আচরণে এর প্রভাব বোঝার জন্য থেরাপিউটিক কর্মসূচিতে জড়িত হন, এবং তিনি গৃহ নির্যাতনের শিকার কারাবন্দী ব্যক্তিদের উপদেশ প্রদান ও সমর্থন কেন্দ্রিক অ্যাডভোকেসি নেটওয়ার্কের একজন সদস্য হয়ে উঠেছেন। মিস হকিন্স-টেইলর এছাড়াও ম্যারিমাউন্ট ম্যানহাটন কলেজের মাধ্যমে কোর্স গ্রহণ করেছেন। মুক্তি পেলে মিস হকিন্স-টেইলর গৃহ নির্যাতনের শিকার ব্যক্তিদের সমর্থনে তার কাজ অব্যাহত রাখবেন।

49 বছর বয়সী ডেভিড হেরিয়ন 1997 সালে সেকেন্ড ডিগ্রি খুনের প্রয়াস, ফার্স্ট ডিগ্রি আক্রমণ, সেকেন্ড ডিগ্রি আক্রমণ, এবং সেকেন্ড ডিগ্রি অস্ত্রের অপরাধমূলক মালিকানার অভিযোগে দোষী সাব্যস্ত হন। তাকে 45 বছর কারাদণ্ড প্রদান করা হয়, যার মধ্যে তিনি সাড়ে 26 বছরের বেশি পার করেছেন। তার কারাবাসের সময়, মিস্টার হেরিয়ন ধরনের থেরাপিউটিক, ভোকেশনাল, এবং স্বেচ্ছাসেবী কর্মসূচিতে জড়িত হন। তিনি সহিংসতা প্রতিরোধ কর্মসূচিসমূহের অংশগ্রহণকারী এবং ফ্যাসিলিটেটর, হস্পিস সেবাদানকারী একজন স্বাস্থ্য সেবক, এবং অপরাধ প্রতিরোধ এবং তরুণদের একটি ফলপ্রসূ জীবন পন্থায় রাখার উদ্দেশ্যে একটি কর্মসূচির মাধ্যমে একজন হিসেবে কাজ করেন। মিস্টার হেরিয়ন তার ফ্যাসিলিটির অশ্বেতাঙ্গ মানুষের অগ্রগতির জন্য জাতীয় অ্যাসোসিয়েশন (National Association for the Advancement of Colored People, NAACP) শাখার একজন সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন, অন্যান্য কারাবন্দী ব্যক্তিদের জন্য সম্প্রদায় গঠনের কর্মকাণ্ড আয়োজন করতে সাহায্য করেছেন। মিস্টার হেরিয়ন এছাড়াও বহু বছর তার ফ্যাসিলিটির বিনোদন বিভাগে স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করেছেন এবং পরিবার দিবস, কলেজ গ্র্যাজুয়েশন, শৈল্পিক ইভেন্ট ইত্যাদি আয়োজনে সাহায্য করেছেন। কারাবন্দী অবস্থায়, মিস্টার হেরিয়ন এছাড়াও তার ধর্মীয় সম্প্রদায়ে সক্রিয় ছিলো এবং অন্যান্যদের মেন্টর হিসেবে কাজ করেছেন । মুক্তির পর মিস্টার হেরিয়ন তার পরিবারের সাথে বাস করবেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন